গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাহজাদপুর, সিরাজগঞ্জ
shahjadpur.sirajganj.gov.bd

## ১৪৩০ বাংলা সনের আন্তঃ ইউনিয়ন খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি, ২০২৩

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ১৯/০৪/২০০৩ খ্রি. তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২/১(৫) নং স্মারকে জারীকৃত হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থপনা এবং উদ্বৃত আয় বন্টন সম্পর্কে নীতিমালা অনুযায়ী এবং ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের উপজেলা উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক শাহজাদপুর উপজেলাধীন নিম্ন বর্ণিত খেয়াঘাট/আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটসমূহ ১৪৩০ বাংলা সনের ১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত একসনা ইজারা প্রদানের জন্য শর্ত সাপেক্ষে সীল-মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ১ম পর্বে শুধুমাত্র আগ্রহী জন্মগত পেশাদার পাটনীগণ টেন্ডারে অংশ গ্রহণ করতে পারবেন। পরবর্তী পর্ব থেকে সকলেই অংশগ্রহণ করতে পারবেন। দরপত্রের যাবতীয় শর্তাবলী ও তথ্যাদি অফিস চলাকালীন সময়ে অফিস থেকে জানা যাবে। উল্লেখ্য, বিগত বছরে যে সকল ইজারাদার ইজারালব্ধ/সরকার পাওনা অর্থ পরিশোধ করেননি তাদের দরপত্র অগ্রাহ্য করা হবে।

### খেয়াঘাট/আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটের বিবরণ :

| ক্রমিক নং | খেয়াঘাটের নাম | ইউনিয়নের নাম | ১৪৩০ সনের কাঙ্খিত সরকারী মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১ | কৈজুরী-সোনাতনী খেয়াঘাট (জগতলা ঘাট) | কৈজুরী-সোনাতনী | ৩৯৬০০/- | ২০০/- |

### দরপত্র বিক্রি, দাখিল ও দরপত্র বাক্স খোলার বিবরণ :

| পর্ব/দফা | দরপত্র বিক্রির শেষ তারিখ (অফিস চলাকালীন সময়ে) | দরপত্র দাখিলের শেষ তারিখ (সময় দুপুর ১:০০ টা পর্যন্ত) | দরপত্র বাক্স খোলার তারিখ (সময় দুপুর ১:৩০ টা পর্যন্ত) | সভার তারিখ ও সময় (সময় দুপুর ২.০০ টা পর্যন্ত) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম | ২৯/০৩/২০২৩ | ৩০/০৩/২০২৩ | ৩০/০৩/২০২৩ | ৩০/০৩/২০২৩ | পার্শ্বে লিখিত তারিখ অনুযায়ী পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে। তবে যেকোন বার কোন দরপত্র অনুমোদিত হলে উক্ত খেয়াঘাটের পরবর্তী দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ২য় | ০৫/০৪/২০২৩ | ০৬/০৪/২০২৩ | ০৬/০৪/২০২৩ | ০৬/০৪/২০২৩ | |
| ৩য় | ১০/০৪/২০২৩ | ১১/০৪/২০২৩ | ১১/০৪/২০২৩ | ১১/০৪/২০২৩ | |

**শর্তাবলী :**

১। দরপত্র ফরম নির্ধারিত মূলে (অফেরৎযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর ও উপজেলা ভূমি অফিস হতে ক্রয় করা যাবে এবং উক্ত দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত সময়ের মধ্যে গ্রহণ করা হবে। দাখিলকৃত দরপত্রসমূহ দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) ঐ দিন নিম্ন স্বাক্ষরকারী সম্মুখে খোলা হবে।

২। দরপত্র দাতা উল্লিখিত উদ্বৃত্ত দরের ২৫% অর্থ জামানত হিসেবে সোনলী ব্যাংক, শাহজাদপুর শাখা হতে ডিডি/সিডি/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। জন্মগত পেশাদার পাটনীর সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সদ্য ইস্যুকৃত সনদপত্রে "জন্মগত পেশাদার পাটনী" উল্লেখ থাকতে হবে। চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদে কোনরূপ কাটাকাটি বা ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না।

৪। দরপত্র চূড়ান্ত অনুমোদনের পর অুমোদিত দরদাতা ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারার সমূদয় অর্থ ও ১৫% ভ্যাট, ১০% আয়করসহ বিধি মোতাবেক জমা দিবেন। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত অর্থ জমা দিতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করা হবে। যথাশীঘ্রই খেয়াঘাট পুনরায় ইজারা প্রদান করা হবে।

৫। এক খেয়া ঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র ফরম অন্য খেয়া ঘাটের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য ক্রয়কৃত দরপত্র অন্য দফার জন্য ব্যবহার করা যাবে না। প্রত্যেক খেয়াঘাটের জন্য পৃথক পৃথক খামে দরপত্র দাখিল করতে হবে।

৬। খামের উপরে দরপত্র দাতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটা-কাটি, ঘষা-মাজা ও ওভার রাইটিং করা যাবে না। দরপত্র ফরমে মোবাইল নং লিখিতে হবে।

৭। দুই বা ততোধিক সর্বোচ্চ দর দাতা একই দর দাখিল করলে কর্তৃপক্ষ বিধি মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৮। খেয়াঘাট কোনক্রমেই সাব-লীজ দেওয়া যাবে না। অনুরূপ কার্য পরিলক্ষিত হলে অথবা চুক্তিপত্রের শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল পূর্বক পুনঃ ইজারা প্রদান করা হবে।

৯। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার দৃশ্যমান একাধিক স্থানে নিজ খরচে অনুমোদিত টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের পর ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯১ মোতাবেক নির্দিষ্ট ফরমে ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তিনাম সম্পাদন করতে হবে।

১১। ইজারাদার যাত্রী পারাপারের জন্য উপযুক্ত পরিমান নৌ-যান সরবরাহ ও যাত্রীদের ঘাটে উঠা-নামার জন্য ঘাট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।

১২। সকল সরকারি/আধা সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীদেরকে কার্য উপলক্ষে বিনা মাশুলে পারাপার করতে হবে।

১৩। উল্লেখিত শর্তাবলী ও চুক্তির শর্ত এবং ১৮৮৫ সালের বেঙ্গল ফেরী এ্যাক্ট এর বিধান ভঙ্গ করলে ইজারা বাতিলসহ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে খেয়াঘাট পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গহণ করা হবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেনন।

২১/০৩/২০২৩
(সাদিয়া আফরিন)
উপজেলা নির্বাহী অফিসার
শাহজাদপুর, সিরাজগঞ্জ

স্মারক নং- ০৫.৫০.৮৮৬৭.০০০.০৪.০০৮.২২- ৩১১ তারিখঃ ২১/০৩/২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহজাদপুর।
৬। সহকারী কমিশনার (ভূমি), শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৭। চেয়ারম্যান ----------------(সকল), শাহজাদপুর, সিরাজগঞ্জ। (বিষয়টি নোটিশ বোর্ড ও স্থানীয় হাট-বাজারে/খেয়াঘাটে ঢোল-সহরতযোগে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।)
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা------------- (সকল) (বিষয়টি নোটিশ বোর্ড ও স্থানীয় হাট-বাজারে/খেয়াঘাটে ঢোল-সহরতযোগে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।)
৯। সহকারী প্রোগ্রামার (বিষয়টি ওয়েব সাইটে প্রচারের জন্য বলা হলো)।
১০। অফিস কপি।

২১/০৩/২০২৩
(সাদিয়া আফরিন)
উপজেলা নির্বাহী অফিসার
শাহজাদপুর, সিরাজগঞ্জ